অবতরণিকা

জাতীয় বাজেটের সাথে দেশের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি ও অর্থনীতির খাতসমূহের অগ্রগতি তুলে ধরার লক্ষ্যে অর্থনৈতিক সমীক্ষা প্রকাশ করা হয়। সমীক্ষায় সর্বশেষ প্রাপ্ত তথ্য ও উপাত্ত বিশ্লেষণের পাশাপাশি পূর্ববর্তী অর্থ বছরসমূহের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির মৌল তথ্য/উপাত্ত উপস্থাপন করা হয়। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১১-তে চলতি ২০১০-১১ অর্থবছরের সর্বশেষ প্রাপ্ত তথ্য ও উপাত্ত সন্নিবেশিত করা হয়েছে।

২। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১১-তে মোট ১৫টি অধ্যায় এবং ৬৩টি পরিশিষ্ট রয়েছে। অধ্যায়গুলো মূলত সামষ্টিক অর্থনীতির গতি-প্রকৃতি, অর্থনীতির খাতভিত্তিক অগ্রগতি এবং সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়গুলোর হালনাগাদ পরিস্থিতি-এই তিনটি প্রধান বিষয়কে উপজীব্য করে প্রণীত হয়েছে। প্রথম অধ্যায়ে দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি, চলতি অর্থবছরে গৃহীত কতিপয় সংস্কার কর্মসূচি, উন্নয়ন পরিকল্পনা, অর্থনৈতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় এবং অর্থনীতির মধ্য ও স্বল্প মেয়াদি সম্ভাবনার বিষয় সংক্ষেপে তুলে ধরা হয়েছে। দ্বিতীয় থেকে ষষ্ঠ পর্যন্ত অধ্যায়সমূহে দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ, মূল্য, মজুরি ও কর্মসংস্থান, রাজস্ব, মুদ্রা, ও আর্থিক বাজার পরিস্থিতি এবং বৈদেশিক বাণিজ্য সম্পর্কিত বিষয়াদি স্থান পেয়েছে। সপ্তম থেকে একাদশ পর্যন্ত খাতভিত্তিক অধ্যায়সমূহে অর্থনীতির গুরুত্বপূর্ণ উৎপাদনমুখী খাত হিসেবে কৃষি, শিল্প, বিদ্যুৎ ও জ্বালানি এবং পরিবহন ও যোগাযোগ সম্পর্কিত পরিস্থিতি পর্যালোচনা করা হয়েছে। অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়ভিত্তিক দ্বাদশ হতে পঞ্চদশ পর্যন্ত অধ্যায়ে মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র্য পরিস্থিতি ও দারিদ্র্য বিমোচন কার্যক্রম এবং বেসরকারি খাত ও পরিবেশ উন্নয়ন বিষয়ে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের বিবরণ সন্নিবেশিত হয়েছে। পরিসংখ্যান পরিশিষ্টে সামষ্টিক অর্থনীতির গুরুত্বপূর্ণ চলকসমূহের বছরভিত্তিক উপাত্ত সন্নিবেশিত হয়েছে।

৩। অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ অর্থনৈতিক সমীক্ষা প্রণয়নে সার্বিক দায়িত্ব পালন করে থাকে। এ অনুবিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের নিরলস এবং একনিষ্ঠ প্রচেষ্টার ফলেই নির্দিষ্ট সময়ে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১১ প্রকাশ করা সম্ভব হল। এজন্য অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগের সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি । সমীক্ষা প্রণয়ন ও প্রকাশনায় অর্থবিভাগের অন্যান্য অনুবিভাগ এবং যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/দপ্তর বিভিন্ন ধরণের প্রয়োজনীয় তথ্য, উপাত্ত সরবরাহ করে সহযোগিতা করেছে তাঁদেরকে জানাই আন্তরিক কৃতজ্ঞতা।

৪। নানাবিধ সীমাবদ্ধতা ও নির্দিষ্ট সময়ে প্রকাশনার বাধ্যবাধকতার মধ্যে এ সমীক্ষা প্রণীত হয়েছে। সঙ্গত কারণেই এতে কিছু ভুল-ত্রুটি থাকতে পারে তবু এ সমীক্ষাটি নীতি প্রণয়নকারী, পরিকল্পনাবিদ, অর্থনীতিবিদ, গবেষক ও গবেষণা প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীদের জন্য সহায়ক হবে বলে আমার দৃঢ় বিশ্বাস। ভবিষ্যতে সমীক্ষার গুণগত মান আরো বৃদ্ধি ও তথ্যগত সমৃদ্ধির বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা, গবেষক, অর্থনীতিবিদ, সমালোচক ও অনুসন্ধিৎসু পাঠকের পরামর্শ কৃতজ্ঞতার সাথে গৃহীত হবে।

(ডঃ মোহাম্মদ তারেক)
সচিব
অর্থ বিভাগ